



আপনার কর্মীদের ক্ষতিপূরণ সুবিধাসমূহ



**Workers'
Compensation
Board**

কর্মীদের ক্ষতিপূরণ কর্মক্ষেত্রে কাজ সম্পর্কিত আঘাত বা অসুস্থতার চিকিৎসার জন্য স্বাস্থ্যসেবা প্রদান করে।
এটি আপনাকে হারানো মজুরির জন্যেও একটি সুবিধা প্রদান করে।

আপনার চাকরির কারণে যদি আপনি আঘাত পেয়ে থাকেন বা অসুস্থ হয়ে থাকেন

1. অবিলম্বে চিকিৎসা সেবা নিন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী (দের) -
কে অবহিত করুন যে আপনার কাজ সম্পর্কিত আঘাত বা অসুস্থতা
রয়েছে।
2. আপনার নিয়োগকর্তাকে লিখিতভাবে জানান, কখন, কোথায় এবং
কীভাবে আপনি আহত হয়েছেন। আঘাত পাওয়ার 30 দিনের মধ্যে এটি
করুন।
3. কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড (বোর্ড) -কে যত তাড়াতাড়ি সম্ভব আপনার
আঘাত/অসুস্থতার রিপোর্ট করার জন্য একটি **কর্মীর দাবি (ফরম
C-3)** দাখিল করুন। অনুগ্রহপূর্বক মনে রাখবেন, অবশ্যই আপনার
আঘাত/অসুস্থতার দুই বছরের মধ্যে দাবি দাখিল করতে হবে। যদিও
আপনার নিয়োগকর্তা অবশ্যই ঘটনাটি রিপোর্ট করবেন, তবুও এটি
আপনি নিজে রিপোর্ট করাটাও সহায়ক হবে। যদি আপনি পূর্বে শরীরের
একই অংশে আঘাত পেয়ে থাকেন অথবা অনুরূপ আঘাত পেয়ে থাকেন,
তাহলে আপনাকে অবশ্যই একটি **নিমিটেড রিলিজ অব হেলথ
ইনফরমেশন (ফরম C-3.3)** ও দাখিল করতে হবে।

একটি দাবি দাখিল

দ্রুততম: ভিজিট করুন wcb.ny.gov, “একটি দাবি দাখিল করুন”
নির্বাচন করুন এবং অনলাইনে ফরম জমা দেওয়ার জন্য **কর্মীর দাবি
(ফরম C-3)** এর ওয়েব সংস্করণটি পূরণ করুন।

যদি আপনার **ফরম C-3**, দাখিল করার বিষয়ে প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ
করে **(877) 632-4996** নম্বরে কল করুন এবং শ্রমিক ক্ষতিপূরণ বোর্ডের
একজন প্রতিনিধি আপনাকে সাহায্য করবেন।

স্বাস্থ্যসেবা

সাধারণত, আপনি নিউ ইয়র্ক স্টেট অকুপেশনাল হেলথ ক্লিনিক নেটওয়ার্কসহ
বোর্ড কর্তৃক অনুমোদিত যেকোনো স্বাস্থ্যসেবা প্রদানকারীর সেবা গ্রহণ করতে
পারেন। এর মধ্যে রয়েছে বোর্ড-অনুমোদিত চিকিৎসক, অনুশীলনকারী নার্স

এবং চিকিৎসক সহকারী এবং/অথবা বিশেষজ্ঞ যেমন- মনোবিজ্ঞানী,
পডিয়াট্রিস্ট, চিরোপ্রাক্টর, ফিজিক্যাল থেরাপিস্ট, অকুপেশনাল থেরাপিস্ট,
আকুপাংচারিস্ট এবং লাইসেন্সপ্রাপ্ত ক্লিনিকাল সোশ্যাল ওয়ার্কার। যদি
আপনার নিয়োগকর্তার বিমাকারী (অথবা যদি নিয়োগকর্তা স্ব-বিমাকৃত
হন) কর্মীদের ক্ষতিপূরণ চিকিৎসা সেবার জন্য একটি পছন্দের প্রদানকারী
প্রতিষ্ঠান (PPO) নেটওয়ার্ক থাকে, তাহলে আপনাকে অবশ্যই PPO
নেটওয়ার্কে আপনার প্রাথমিক চিকিৎসা নিতে হবে।

যদি সেই বিমাকারীর ফার্মেসি বা ডায়াগনস্টিক টেস্টিং নেটওয়ার্ক থাকে,
তাহলে আপনাকে অবশ্যই সেই নেটওয়ার্কগুলির মধ্যে পরিষেবাগুলি
গ্রহণ করতে হবে। বিমাকারীকে অবশ্যই তার প্রয়োজনীয় প্রদানকারী
নেটওয়ার্ক এবং সেগুলি কীভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে
আপনাকে জানাতে হবে।

কর্মীদের ক্ষতিপূরণ চিকিৎসা, ওষুধ বা নির্ধারিত সরঞ্জামগুলির জন্য নিজের
অর্থ প্রদান করবেন না। কর্মীদের ক্ষতিপূরণ বিমাকারী এই বিলগুলি প্রদান
করেন যদি না আপনি দাবি দাখিল পরিত্যাগ করেন বা বোর্ড সিদ্ধান্ত নেয়
যে এটি একটি বৈধ দাবি নয়। সেই ক্ষেত্রে, আপনাকে অবশ্যই প্রদানকারীদের
অর্থ প্রদান করতে হবে (অথবা আপনার নিয়মিত স্বাস্থ্য বিমাকারীর কাছে
বিল জমা দিতে হবে)।

আপনি বোর্ডের ওয়েবসাইট wcb.ny.gov হতে একটি অনুমোদিত
স্বাস্থ্যসেবা প্রদানকারী অনুসন্ধান করতে পারেন। যদি আপনার তত্ত্বাবধান
নিষে সমস্যা হয় বা একজন অনুমোদিত স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পেতে
সাহায্যের প্রয়োজন হয়, তাহলে বোর্ডের **মেডিকেল ডিরেক্টরের অফিসে
(800) 781-2362** নম্বরে কল করুন।

ভ্রমণ এবং অন্যান্য খরচ

চিকিৎসা বা স্বাধীন মেডিকেল পরীক্ষার জন্য ভ্রমণের সময় আপনাকে
দূরত্ব, গণপরিবহন বা অন্যান্য প্রয়োজনীয় ব্যয়ের জন্য পরিশোধ করা
হতে পারে। কমপক্ষে প্রতি ছয় মাসে এই ব্যয়ের রসিদ জমা দিন বোর্ডের
এবং বিমাকারীর কাছে **ট্রাভেল এক্সপেন্সের দাবিদার রেকর্ড এবং
পরিশোধের আবেদন ব্যবহার করে (ফরম C-257)**, যা বোর্ডের
ওয়েবসাইটে পাওয়া যায়।

হারানো মজুরির ক্ষেত্রে সুবিধাসমূহ

বিমাকারীকে অবিলম্বে আপনাকে হারানো মজুরি সুবিধা প্রদান করতে হবে যদি আপনার আঘাত বা অসুস্থতা:

- আপনাকে সাত দিনের বেশি কাজ করতে বাধা দেয়।
- আপনার শরীরের কোনো অংশ স্থায়ীভাবে অক্ষম করে ফেলে।
- মজুরি হ্রাস করে কারণ আপনাকে এখন কম ঘন্টা কাজ করতে হবে অথবা আপনার আঘাতের আগের তুলনায় ভিন্ন কাজ করতে হবে।

যদি একটি শুনানি অনুষ্ঠিত হয়

সুবিধাগুলি প্রায়শই স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা হয়। যাহোক, কখনও কখনও সমস্যার সমাধানের জন্য শুনানির প্রয়োজন হয়। যদি শুনানির প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনি বোর্ড থেকে শুনানির কারণ, তারিখ এবং সময় সম্পর্কে নির্দেশনামূলক একটি নোটিশ পাবেন। বোর্ড থেকে প্রাপ্ত আপনার সমস্ত মেইল পর্যালোচনা করা এবং নির্দেশিত পদ্ধতিতে প্রতিক্রিয়া জানানো গুরুত্বপূর্ণ। আপনার রেকর্ডসমূহের অনুলিপি রাখুন।

আপনার দাবির যেকোনো সময়ে আপনার একজন আইনজীবী বা লাইসেন্সপ্রাপ্ত প্রতিনিধির সেবা পাওয়ার অধিকার আছে। বিতর্কিত এবং জটিল ক্ষেত্রে পরামর্শদাতা সহায়ক হতে পারে এবং আপনার দাবি সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারে। সেই ব্যক্তি হয়তো আপনার কাছ থেকে ফি চাইবেন না বা নেবেন না। বোর্ড আইনি পরিশেষার জন্য ফি নির্ধারণ করে এবং সেই পরিমাণ আপনার প্রত্যর্পণকৃত হারানো মজুরি থেকে কেটে নেওয়া হয়।

আপনার শুনানিতে উপস্থিত হওয়া এবং কী ঘটছে তা বোঝা গুরুত্বপূর্ণ। যদি আপনার কোনো প্রশ্ন থাকে, আর আপনি যদি প্রতিনিধিত্ব না করেন তবে আপনার আইনি প্রতিনিধি বা বিচারককে জিজ্ঞাসা করুন। আপনি ভার্সুয়াল শুনানি ব্যবহার করে অনলাইনে আপনার শুনানিতে যোগ দিতে পারেন অথবা আপনি ফোনের মাধ্যমে উপস্থিত থাকতে পারেন। নির্দেশাবলীর জন্য আপনার শুনানি নোটিশ দেখুন।

আপনি যদি শুনানির মুখোমুখি হতে না পারেন, তাহলে শুনানি পুনঃনির্ধারণ করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব বোর্ডের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার দাবি বিতর্কিত হয়

মাঝে মাঝে, বিমাকারীরা দাবির বিরোধিতা করে। বিমাকারী হয়তো একমত হবেন না যে আপনার কাজের সাথে সম্পর্কিত আঘাত বা অসুস্থতা আছে অথবা দাবি করবে যে আপনার নিয়োগকর্তার এই বিমা করেনি অথবা অন্য কারণ দেখাবে। যদি আপনার দাবি বিতর্কিত হয়, তাহলে বোর্ড শুনানি ধার্য করবে। একজন কর্মীর ক্ষতিপূরণ আইনের বিচারক আপনার মেডিকেল রেকর্ড, মজুরি এবং অন্যান্য প্রমাণ এবং সাক্ষ্য পর্যালোচনা করবেন। বিচারক তখন সমস্যাটির ব্যাপারে সিদ্ধান্ত নেবেন এবং যেকোনো সুবিধা প্রদান করবেন। আপনি বা আপনার নিয়োগকর্তার বিমাকারী দাবি দাখিল করার তারিখের 30 দিনের মধ্যে লিখিতভাবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কস কমপেনসেশন বোর্ড সুবিধাসমূহের সঠিক বিতরণ নিশ্চিতকরণ এবং আইন মেনে চলার সম্মতি গ্ৰহণের মাধ্যমে কর্মী এবং নিয়োগকর্তাদের অধিকার রক্ষা করে। প্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড সম্পর্কে আরো জানতে ভিজিট করুন wcb.ny.gov।

বোর্ডের তিন সদস্য আপিল পর্যালোচনা করবেন এবং একমত হবেন বা এটি পরিবর্তন করবেন অথবা প্রত্যাখ্যান করবেন। তারা আরো শুনানির জন্য বলতে পারেন।

যদি আপনার মামলা বিতর্কিত হয়, তাহলে আপনি মামলার শুনানি চলাকালে অক্ষমতাজনিত সুবিধা পেতে আবেদন করতে পারেন। অক্ষমতাজনিত সুবিধাসমূহের জন্য আবেদন করার জন্য, আপনাকে একটি **নোটিশ এবং অক্ষমতাজনিত দাবির প্রমাণপত্র জমা দিতে হবে (ফর্ম DB-450)**, যা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যায়। আপনি সাহায্যের জন্য বোর্ডে কল করতে পারেন বা বোর্ড অফিসে যেতে পারেন। যদি কর্মীদের ক্ষতিপূরণ দাবির সমাধান আপনার পক্ষে যায়, তাহলে অক্ষমতা সুবিধাগুলি আপনার হারানো মজুরি পুরস্কার থেকে কেটে নেয়া হবে।

আপনার দাবির জন্য একটি সময়সীমা

চিকিৎসা: অবিলম্বে চিকিৎসা সেবা নিন। আঘাতের 15 দিন পর আপনার ডাক্তারের সাথে দেখা করুন এবং তারপর যদি আপনার চলমান হারানো সময় থাকে তাহলে প্রতি 90 দিন পর দেখা করুন।

মজুরি প্রতিস্থাপন: আপনি যদি অক্ষম হয়ে থাকেন, আপনার মামলা গ্রহণ করা হয় এবং আপনি সাত দিনের বেশি কাজ মিস করেন, সেক্ষেত্রে দুর্ঘটনার 18 দিনের মধ্যে অথবা বিমাকারীকে অবহিত করার 10 দিনের মধ্যে আপনাকে অর্থ প্রদান করা হবে। যদি আপনার মামলা বিতর্কিত হয়, তাহলে আপনার দাবি নির্ধারণের জন্য আপনার একটি শুনানি হবে। দাবিটি বিতর্কিত হওয়ার তারিখ থেকে গড়ে 28 দিন পর শুনানির সময় নির্ধারণ করা হবে।

ভাষা সহায়তা

বোর্ড আপনার প্রয়োজন অনুযায়ী যেকোনো ভাষায় নথি অনুবাদ করবে। এটি আপনার শুনানির জন্য বিনামূল্যে একজন দোভাষীও প্রদান করবে। অনুবাদ বা ব্যাখ্যার ব্যবস্থা করতে অনুগ্রহপূর্বক (877) 632-4996 নম্বরে কল করুন। আপনি যদি ভার্সুয়াল শুনানি করেন, সেক্ষেত্রে চেক-ইন প্রক্রিয়ার সময় আপনার কাছে দোভাষীর অনুরোধ করার বিকল্পও রয়েছে।

সাহায্যপ্রাপ্তি সহজলভ্য

যদি আপনার দাবি নিয়ে আপনি অসুবিধার সম্মুখীন হন, তাহলে **আহত প্রমিকদের জন্য বোর্ডের আইনজীবী** আপনাকে সাহায্য করতে পারেন। যদি আপনার কাজে ফিরে আসার জন্য সাহায্যের প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তার কাছে বিকল্প বা হালকা দায়িত্বের কাজ থাকতে পারে যাতে আপনি সুস্থ হওয়ারাকালীন সময় কাজ করতে পারেন। বোর্ডের বৃত্তিমূলক পুনর্বাসন পরামর্শদাতারাও আপনাকে সাহায্য করতে পারেন। আপনি যদি আপনার আঘাতের ফলে পারিবারিক বা আর্থিক সমস্যার সম্মুখীন হন, সেক্ষেত্রে বোর্ডের লাইসেন্সপ্রাপ্ত মাস্টার সোশ্যাল ওয়ার্কার রয়েছে যারা আপনাকে সাহায্য করতে পারেন। এই পরিশেষাগুলি সম্পর্কে জানতে বোর্ডে কল করুন অথবা ভিজিট করুন wcb.ny.gov/returntowork/।